



## শিশু এবং নবজাতকদের শ্রবণশক্তি এবং দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যার সমাধান: Washington স্টেটের জন্য Three-Pronged Approach (ত্রিমুখী দৃষ্টিভঙ্গি)

*Early Support for Infants and Toddlers (শিশু এবং নবজাতকদের জন্য প্রাথমিক সহায়তা) (ESIT)  
প্রোগ্রামের ভূমিকা*

পেশাদারিত্বের সাথে স্বীকৃতি দেওয়া যোগ্যতাশর্তের মাধ্যমে নবজাতকদের আচরণ পর্যবেক্ষণ করতে, বাবা-মায়াদের উদ্বেগ এবং শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি সংক্রান্ত বৃদ্ধির দক্ষতা নথিবদ্ধ করার জন্য একটি টুল হিসাবে Three-Pronged Approach (ত্রিমুখী দৃষ্টিভঙ্গি) (TPA) ও Washington Sensory Disabilities Services (ওয়াশিংটন সেন্সরি ডিজএবিলিটিজ সার্ভিসেস) (WSDS) প্রস্তুত করেছে।



এই টুলের তিনটি উদ্দেশ্য আছে:

1. সেই সমস্ত ঝুঁকির ফ্যাক্টরগুলির ব্যাপারে ESIT প্রোভাইডারগণকে আরো ওয়াকিবহাল করা, যেগুলি শিশুর দৃষ্টিশক্তি এবং/অথবা শ্রবণশক্তিতে প্রভাব ফেলতে পারে।
2. কোনো শিশুর শ্রবণশক্তি এবং দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যার সমাধান করা হয়েছে বা “পরীক্ষা করা হয়েছে”, তার প্রমাণ দিতে।
3. কোনো শিশুর শ্রবণশক্তি এবং/অথবা দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যা আরো বিশদে খতিয়ে দেখতে হবে তা নির্ধারণ করতে।

সামগ্রিক লক্ষ্য হলো শ্রবণশক্তি এবং দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যা যত দ্রুত সম্ভব চিহ্নিত করা, যাতে শিশুর বেড়ে ওঠার ক্ষেত্রে এগুলির প্রভাব হ্রাস করা যায়।

উদ্দেশ্যমূলক পরীক্ষা পদ্ধতির বিকল্প হিসাবে Three-Pronged Approach (ত্রিমুখী দৃষ্টিভঙ্গি) তৈরি করা হয়নি। সাধারণত কোনো পেডিয়াট্রিক অডিওলজিস্ট, অপ্টোমেট্রিস্ট বা অপথালমোলজিস্টের দ্বারা ওটোঅ্যাকুস্টিক এমিশন (OAE) শ্রবণশক্তির পরীক্ষা, দৃষ্টিশক্তির ফটোস্ক্রিনিং এবং/অথবা ডায়গনস্টিক মূল্যায়নের সাথে এটি ব্যবহার করা হতে পারে। তবে অনেক সময় এই সেন্সরি এরিয়াগুলির পরীক্ষার জন্য এবং শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি সংক্রান্ত তথ্য একটি জায়গায় নথিবদ্ধ করতে TPA হলো ESIT প্রোভাইডারদের কাছে উপলভ্য একমাত্র পদ্ধতি।

ESIT এর শর্ত হলো যে প্রতিটি শিশুর Individualized Family Service Plan (স্বতন্ত্র পরিবার পরিষেবা পরিকল্পনা) (IFSP)-এ শ্রবণশক্তি এবং দৃষ্টিশক্তি সংক্রান্ত বর্তমান তথ্য যোগ করতে হবে। ESIT এর জন্য বিশেষভাবে TPA প্রস্তুত করা হয়েছে এবং পরিবারের প্রারম্ভিক গ্রহণ প্রক্রিয়ার অংশ হিসাবে তথ্য সংগ্রহ করতে এবং তারপর IFSP-তে নথিবদ্ধ করা ফলাফলসহ বছরে একবার ব্যবহার করতে হবে।

আপনি যদি এই ডকুমেন্টের কপি বিকল্প ফরম্যাট বা ভাষায় পেতে চান, তাহলে অনুগ্রহ করে DCYF Constituent Relations (1-800-723-4831 | 360-902-8060, ConstRelations@dcyf.wa.gov)-এ যোগাযোগ করুন।

DCYF PUBLICATION FS\_0069 BN (11-2021) Bengali



Washington State Department of  
**CHILDREN, YOUTH & FAMILIES**